ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩৪৪২

আগরতলা, ২৮ অক্টোবর, ২০২৫

**আগামী ১৫ নভেম্বর মান্দাইয়ে রাজ্যভিত্তিক জনজাতি গৌরব দিবস উদযাপন অনুষ্ঠান**

মান্দাইয়ের গুরুমণি ময়দানে আগামী ১৫ নভেম্বর রাজ্যভিত্তিক জনজাতি গৌরব দিবস উদযাপন করা হবে। জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মার সভাপতিত্বে আজ সচিবালয়ের কনফারেন্স হলে আয়োজিত বৈঠকে এই সিদ্ধান্ত গৃহীত হয়। বৈঠকে জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা বলেন, ভগবান বিরসা মুন্ডার ১৫০ বছর জন্মবার্ষিকী পূর্তি উপলক্ষ্যে জনজাতি গৌরব দিবস পালন করা খুবই গুরুত্বপূর্ণ। জনজাতিদের উন্নয়নে কেন্দ্র ও রাজ্য সরকার বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প রূপায়ণ করছে। মান্দাইয়ে জনজাতি গৌরব দিবসের অনুষ্ঠান সফল করার জন্য সংশ্লিষ্ট সবার প্রতি আহ্বান জানান জনজাতি কল্যাণমন্ত্রী।

জনজাতি গবেষণা ও সাংস্কৃতিক ইনস্টিটিউটের ব্যবস্থাপনায় আয়োজিত এই বৈঠকে জনজাতি কল্যাণ দপ্তরের সচিব ড. কে শশীকুমার, জনজাতি গবেষণা ও সাংস্কৃতিক ইনস্টিটিউটের অধিকর্তা রত্নজিৎ দেববর্মা সহ সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ, বিভিন্ন সাংস্কৃতিক ব্যক্তিত্ব উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সাফল্যমন্ডিত করতে বিভিন্ন উপকমিটি গঠন করা হয়।

******